গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।
www.kotalipara.gopalganj.gov.bd

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে অবগত করা যাচ্ছে যে, এ উপজেলাধীন নিম্নবর্ণিত হাটবাজারসমূহ **১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য** ইজারা প্রদানের নিমিত্ত সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ইজারা গ্রহীতাগণ নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অফিস চলাকালীন নির্ধারিত মূল্য পরিশোধপূর্বক দরপত্র ফরম জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়, গোপালগঞ্জ, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, কোটালীপাড়া পৌরসভা এবং সহকারী কমিশনার (ভূমি) কোটালীপাড়া এর কার্যালয় হতে ক্রয় করতে পারবেন। দরপত্রসমূহ নিম্নোক্ত সময়সূচি মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের কার্যালয়ে রক্ষিত টেন্ডারবাক্সে দাখিল করতে হবে ।

### দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি

| দরদপত্র আহবানের পর্যায় | সিডিউল খরিদের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৮-০২-২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ২০-০২-২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২-০০ টা। | ২০-০২-২০২৪ খ্রি. তারিখ বেলা ১-০০ টা। |
| ২য় পর্যায় | ০৪-০৩-২০২৪ খ্রি.তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ০৬-০৩-২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২-০০ টা। | ০৬-০৩-২০২৪ খ্রি. তারিখ বেলা ১-০০ টা। |
| ৩ য় পর্যায় | ১৯-০৩-২০২৪ খ্রি.তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ২১-০৩-২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২-০০ টা। | ২১-০৩-২০২৪ খ্রি. তারিখ বেলা ১-০০ টা। |
| ৪ র্থ পর্যায় | ০২-০৪-২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ০৪-০৪-২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২-০০ টা। | ০৪-০৪-২০২৪ খ্রি. তারিখ বেলা ১-০০ টা। |

### হাট বাজারের বিবরণ

| ক্রমিক নং | হাটবাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩১ বঙ্গাব্দের ইজারামূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | পীড়ারবাড়ী হাট | সাদুল্লাপুর | ৮,১৭,২৬০/- | ২,৪০০/- |
| ০২ | ভাঙ্গার হাট | রাধাগঞ্জ | ৬,৮৪,০৮৬/- | ২,০০০/- |
| ০৩ | কালিগঞ্জ হাট | কলাবাড়ী | ১০,৯৬,২১৭/- | ২,৮০০/- |
| ০৪ | রাধাগঞ্জ হাট | রাধাগঞ্জ | ৪০,৮২,০৬০/- | ৮,৮০০/- |
| ০৫ | ধারাবাসাইল হাট | কান্দি | ৪,২৪,০০০/- | ১,৬০০/- |
| ০৬ | চৌধুরীর হাট | পিঞ্জুরী | ১,৫৭,৬৫৮/- | ১,০০০/- |
| ০৭ | কুশলা হাট | কুশলা | ২,৮১,২৫৪/- | ১,২০০/- |
| ০৮ | শুয়াগ্রাম হাট | শুয়াগ্রাম | ৮৭,৬৬২/- | ৫০০/- |
| ০৯ | বান্ধাবাড়ী হাট | বান্ধাবাড়ী | ৭,১৩৮/- | ৫০০/- |
| ১০ | হিরণ হাট | হিরণ | ১,৪৬৭/- | ৫০০/- |
| ১১ | উত্তরপাড় হাট | আমতলী | ৪,৩৮১/- | ৫০০/- |
| ১২ | রামশীল হাট | রামশীল | ৩৭,৫৭৮/- | ৫০০/- |
| ১৩ | রামনগর হাট | কলাবাড়ী | ৬,৯৬,৭৭৪/- | ২,০০০/- |

### ইজারার শর্তাবলী

১। ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

২। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/সিডি/পে-অর্ডার মারফত নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা প্রদান করতে হবে। উক্ত অর্থ থেকে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাদার নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা হাটের কোন প্রকার ক্ষতিসাধন করলে জামানতের অর্থ থেকে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

৩। দরপত্রে উল্লিখিত মূল্য অংক এবং কথায় পরিষ্কারভাবে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি কিংবা ওভাররাইটিং হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। যার দরপত্র অনুমোদিত হবে তাকে দরপত্র অনুমোদনের পর পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭০% অর্থ এককালীন জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ পরিশোধে ব্যর্থ হলে জমাকৃত অর্থ উপজেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং হাট/বাজারটি পুনরায় ইজারা প্রদান করা হবে। **যারা বিগত বছরের ইজারার শর্ত ভঙ্গ করে সরকারি টাকা নির্ধারিত সময়ে জমা প্রদান করেননি তাদের অনুকূলে এ বছরে ইজারা প্রদান করা যাবে না।**

চলমান পাতা-২

০৫। ইজারাদারকে ইজারামূল্যের ১০% (শতকরা দশ) হারে আয়কর এবং ১৫% (শতকরা পনের) হারে ভ্যাট প্রদান করতে হবে। উক্ত অর্থ পরিশোধ না করা পর্যন্ত হাট-বাজারের দখল হস্তান্তর করা হবে না ।

০৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্য হতে কম হয়, তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৭। গৃহীত দরের সাকূল্য অর্থ (ভ্যাট, আয়করসহ) জমাদানের পর দরপত্র দাতাকে নিজ খরচে সরবরাহকৃত ৩০০/= ( তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে ।

০৮। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৯। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। ইজারাদার কর্তৃপক্ষের অনুমোদিত হারের অতিরিক্ত টোল আদায় করতে পারবে না। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে টোল আদায়ের রেটের একটি তালিকা বাজারে সর্বসাধারণের অবগতির জন্য টাঙ্গিয়ে রাখতে হবে ।

১১। হাট ইজারা সম্পর্কে কোন অভিযোগ থাকলে দরপত্র অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে তা দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অভিযোগ পাওয়া গেলে কোনক্রমেই তা গ্রহণ করা হবে না ।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন এবং একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। ইজারাদার কোন ক্রমেই ইজারা গৃহীত হাট অন্যের নিকট সাব-লিজ প্রদান করতে পারবে না। যদি অনুরূপ কার্যকলাপ করা হয় বা চুক্তির কোন শর্ত ভঙ্গ করা হয়, তাহলে হাটের ইজারা চুক্তি বাতিল বলে গণ্য হবে ।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। কর্তৃপক্ষ কর্তৃক কোন নতুন কর বা শর্ত আরোপ করা হলে ইজারাদারকে তা পরিশোধ করতে/মানতে বাধ্য থাকতে হবে।

১৬। ইজারা সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালীন এ কার্যালয় হতে জানা যাবে ।

স্বাক্ষরিত/=
(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ ।
email:unokotalipara@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৫৫১.০২.০২২.০০৭.২৩-৪০(১০০) তারিখ : ১৮/০১/২০২৪ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :
০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২. জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।

অনুলিপি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ ।
০৫. মেয়র, কোটালীপাড়া পৌরসভা।
০৬. সহকারী কমিশনার (ভূমি), কোটালীপাড়া,গোপালগঞ্জ ।
০৭. উপজেলা...................................................কর্মকর্তা/ ব্যবস্থাপক ।
০৮. সহকারী প্রোগ্রামার, কোটালীপাড়া। (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
০৯. চেয়ারম্যান.............................................ইউপি (সকল)
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,........................... ইউনিয়ন ভূমি অফিস।(বিজ্ঞপ্তিটি যথাযথভাবে জারিপূর্বক দরপত্র গ্রহণের পূর্বেই সার্ভিস রিটার্ন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১১. জনাব..................................................................
..................................................................... ইজারাদার ।

১৮/০১/২৪
উপজেলা নির্বাহী অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ।